



রাজধানীর ডাটারায় নিজস্ব ক্যাম্পাসে গতকাল ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চতুর্থ সমাবর্তনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ কৃতি শিক্ষার্থীদের হাতে ডিগ্রি ও স্বর্ণপদক তুলে দেন

● আমাদের সময়

ইউআইইউর ৪র্থ সমাবর্তনে শিক্ষামন্ত্রী স্থায়ী ক্যাম্পাসে না গেলে ভর্তি বন্ধ

নিজস্ব প্রতিবেদক ●

যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনো নিজস্ব ক্যাম্পাসে যেতে পারেনি এবং একাধিক ক্যাম্পাসে পাঠদান পরিচালনা করছে, সেসব প্রতিষ্ঠানে নতুন শিক্ষার্থী ভর্তি বন্ধসহ তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল রাজধানীর ডাটারা থানাধীন মাদীনী অ্যাডমিনিউয়ে নিজস্ব ক্যাম্পাসে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) চতুর্থ সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন তিনি।

শিক্ষামন্ত্রী বলেন, যারা একান্তই কোনো অসৎ উদ্দেশ্যে বিশ্ববিদ্যালয় চালাতে চান, আইন-বিধিমালা মানতে চান না, তাদের সাহায্য-সহযোগিতা দিয়ে টিকিয়ে রাখতে পারব না, তাদের আইনি পথে বাতিল করতে বাধ্য হবে।

এ রকম কিছু বিশ্ববিদ্যালয় ইতোমধ্যে বন্ধ হয়ে গেছে। আমরা আশা করি যারা আন্তরিক তারা সহযোগিতা করবেন, না হলে আমাদের কোনো বিকল্প থাকবে না।

যেসব বেসরকারি বিশ্ববিদ্যালয় পরিচালনার পরিবেশ ও নির্ধারিত শর্ত পূরণ করতে ব্যর্থ হয়েছে, যারা মুন্যফার লক্ষ্য নিয়ে চলতে চান- তাদের বিরুদ্ধেও আইনি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন নাহিদ।

তিনি বলেন, আমরা বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে ব্যর্থ হতে দিতে চাই না। সেগুলোকে বন্ধ করে দেওয়া আমাদের উদ্দেশ্য নয়। আমরা তাদের সফল করার জন্য সর্বাঙ্গিক চেষ্টা করে যাচ্ছি।

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি নিজস্ব ক্যাম্পাস স্থাপন করায় সন্ত্রাস প্রকাশ করে নাহিদ বলেন, অনুরভবিষয়ে অন্য বিশ্ববিদ্যালয়গুলোও তাদের সমাবর্তন নিজস্ব ক্যাম্পাসে করবে। দেশের বাস্তবতা এবং জনগণের আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করে টিউশন ফি নির্ধারণের আহ্বানও জানান নাহিদ।

তিনি আরও বলেন- তরুণ মেধাবী, কোমলমতি, প্রাণন্ত ও সজাবনাময় শিক্ষার্থীরা যাতে ইসলামের ভুল ব্যাখ্যাদানকারী জঙ্গিদের কবলে পড়ে জীবন ধ্বংস না করে শেদিিকে সবাইকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এবং রাষ্ট্রপতি আবদুল হামিদের পক্ষে প্রতিনিধি হিসেবে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী।

সমাবর্তনে এক হাজার ৬১০ শিক্ষার্থীকে প্রাজ্জেশন ও পোস্টগ্রাজ্জেশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলের জন্য ছয়জনকে স্বর্ণপদক দেওয়া হয়। ডিগ্রিপ্রাপ্তদের দেশ গড়ার কাজে মনোনিবেশ করার আহ্বান জানান নাহিদ।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান আবদুল মান্নান সমাবর্তনে বিশেষ অতিথির বক্তব্যে বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর বাজারমুখী বিষয় খোলার লক্ষ্য হওয়া উচিত নয়। জ্ঞান প্রসারে গবেষণায় মনোনিবেশ করতে হবে।

সমাবর্তন বক্তব্য রাখেন অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরী। তিনি বলেন, অর্জিত জ্ঞান শুধু সনদ লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ ও জাতির সেবায় নিয়োজিত করতে হবে। আধুনিক তথ্য-প্রযুক্তিতে জ্ঞান আহরণ করার আহ্বান জানান তিনি।

বিশ্ববিদ্যালয়টির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা, ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এম. জিওয়ান খান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সব অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষিকা কর্মকর্তা-কর্মচারী, শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন।

ব্যানবেরেস	
পরিচালকের কার্যালয়	
প্রাপ্তি নং.....	
তারিখ.....	
উ.ক. ১/১০/১৭	
উ.ক. ১/১০/১৭	
সিনেটের মনোনয়ন	
সিনিয়র সিক্রেটার	
প্রশাসনিক কর্মকর্তা	
তারিখ.....	
০০২/০৫/১৭	
	স্বাক্ষর